# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ বেলায়াত, আওলিয়া ও ইলম বিষয়ক

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ২৪. মুর্খের ইবাদতের চেয়ে আলিমের ঘুম উত্তম

অনুরূপ আরেকটি ভিত্তিহীন জাল কথা:

نَوْمُ الْعَالِمِ خَيْرٌ/أَفْضَلُ مِنْ عِبَادَةِ الْجَاهِلِ

“মুর্খের ইবাদতের চেয়ে আলিমের ঘুম উত্তম।”

দুটি বাক্যই জাল। সহীহ, যয়ীফ বা মাউযূ কোনো সনদেই এ কথা দুটির কোনো অস্তিত্ব নেই। তবে কাছাকাছি অর্থে একটি যয়ীফ হাদীস আছে:

نَوْمٌ عَلَى عِلْمٍ خَيْرٌ مِن صَلاَة عَلَى جَهْلٍ

“ইলম-সহ নিদ্রা যাওয়া মুর্খতা-সহ সালাত আদায় করা থেকে উত্তম।”[1]

### ফুটনোট

[1] আবূ নুয়াইম ইসপাহানী, হিলইয়াতুল আউলিয়া ৪/৩৮৫; মোল্লা আলী কারী, আল-আসরার, পৃ. ২৫৫; আলবানী, যায়ীফুল জামি, পৃ. ৮৬১।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4885

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন